



## গাজামুখী অভিযানে শহিদুল আলমের নিরাপত্তা পর্যবেক্ষণ করছে সরকার



সংগৃহীত ছবি

গাজায় মানবিক সহায়তা পৌঁছে দিতে যাত্রা করা নৌবহরের অংশগ্রহণকারীদের নিরাপত্তা নিশ্চিত করতে উদ্যোগ নিয়েছে অন্তর্বর্তী সরকার। এ অভিযানে অংশ নেওয়া বিশিষ্ট আলোকচিত্রী ও মানবাধিকার কর্মী শহিদুল আলমের অবস্থাও নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। গাজামুখী মানবিক নৌবহরের প্রতিটি সদস্যের নিরাপত্তা নিশ্চিত তৎপর রয়েছে অন্তর্বর্তীকালীন সরকার। শনিবার (৪ অক্টোবর) এক বিবৃতিতে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস জানান, এই অভিযানে অংশগ্রহণকারীদের সার্বিক অবস্থা ও যোগাযোগ পর্যবেক্ষণে রয়েছে সরকার। পাশাপাশি, বাংলাদেশের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আলোকচিত্রী ও মানবাধিকার কর্মী শহিদুল আলমের প্রতিও বিশেষ মনোযোগ দেওয়া হচ্ছে।

বিবৃতিতে প্রধান উপদেষ্টা বলেন, “শহিদুল আলম এই অভিযানে অংশ নিয়েছেন সেই একই সাহস ও দৃঢ়তায়, যা তিনি দেখিয়েছিলেন ২০১৮ সালে অন্যান্যের বিরুদ্ধে কথা বলার সময় ১০৭ দিন কারাভোগের মধ্যেও হারাননি। আজ তিনি বাংলাদেশের অদম্য চেতনার প্রতীক।”

গাজার ভয়াবহ মানবিক বিপর্যয়ের প্রসঙ্গ টেনে ড. ইউনূস আরও বলেন, “মানবতার প্রতি উদাসীনতাই বিশ্বকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছে। শিশু মারা যাচ্ছে অনাহারে, সাধারণ মানুষ নির্বিচারে নিহত হচ্ছে, হাসপাতাল ও বিদ্যালয় ধ্বংস হচ্ছে। এটি মানবজাতির জন্য এক ভয়াবহ কলঙ্ক।”

বিবৃতির শেষে তিনি বলেন, “বাংলাদেশ শহিদুল আলমের পাশে আছে, এবং গাজার জনগণের সাথেও—এখন, এবং ভবিষ্যতেও।”